দৈনিক সংবাদ
তারিখ MAY 31
পৃষ্ঠা 4 কলাম 2

## উপসম্পাদকীয়

# রাজনীতি, শিক্ষাঙ্গন ও শিক্ষার্থী সমাজ

সাঈদ ইফতেখার আহমেদ

**ছাত্রসমাজের মাঝে সমাজতান্ত্রিক চেতনার আবেদন যেমন অনেকখানি হ্রাস পেয়েছে, তেমনি পাশাপাশি বাম ছাত্র সংগঠনসমূহ নির্ভরশীল পুঁজিবাদী সমাজ ব্যবস্থার নানা নেতিবাচক উপাদান দ্বারা আক্রান্ত হয়েছে। বাঙালি জাতীয়তাবাদী চেতনা ধারণকৃত ছাত্র সংগঠনটির উত্তরসূরি কর্মীদের একটা উল্লেখযোগ্য অংশের মাঝে নৈতিক অবক্ষয়ের মান এতটাই প্রবল, তাদের অনেক সময়ই পঁচাত্তর-পরবর্তী ধারায় ক্যান্টনমেন্টে সাম্প্রদায়িক বাংলাদেশী জাতীয়তাবাদী চেতনায় গড়ে উঠা দলটির ছাত্র সংগঠনের এবং ১৯৭১ সালের আল-বদর গোষ্ঠীর উত্তরসূরি ছাত্র সংগঠনের কর্মীদের আচরণের সাথে ফারাক করা মুশকিল হয়ে পড়ে।**

গৌরবোজ্জ্বল ঐতিহ্য ও সংগ্রামী অতীত এবং উত্তরাধিকার আজকের ছাত্রসমাজ। ১৯৫২ হতে ১৯৯০ পর্যন্ত প্রতিটি গণতান্ত্রিক আন্দোলনে ছাত্রসমাজ একদিকে যেমন গৌরবময় ভূমিকা পালন করেছে, তেমনি পাশাপাশি আন্দোলনে নেতৃত্ব ও সংকটময় মুহূর্তে সঠিক অবস্থান গ্রহণ করেছে। শুধুমাত্র রাজনৈতিক আন্দোলনই নয়, বিকৃত সংস্কৃতির হাত থেকে আমাদের দেশীয় সংস্কৃতিকে রক্ষা করে প্রাচ্য ও পাশ্চাত্য সম্মিলনে সৃজনশীল সংস্কৃতির বিকাশ সাধন ও বিভিন্ন সামাজিক, সংস্কারমূলক আন্দোলনেও এদেশের ছাত্রসমাজ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এর পাশাপাশি অবশ্য একটা অত্যন্ত ক্ষুদ্র প্রতিক্রিয়াশীল ধারা ছাত্রসমাজের মাঝে ক্রিয়াশীল থাকলেও তারা কখনই মূল স্রোতধারা হওয়া তো দূরের কথা, কোন উল্লেখযোগ্য শক্তি হিসেবেই বেরিয়ে আসতে পারেনি। বর্তমান নিবন্ধে এ সমৃদ্ধ ঐতিহ্যের উত্তরাধিকারপ্রাপ্ত ছাত্রসমাজের মনন ও কর্মধারাকে বর্তমান আর্থ-সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক অবস্থার পেক্ষাপটে বিশ্লেষণের চেষ্টা করা হবে।

১.১ কোন একটি সমাজের উপরিকাঠামো গড়ে উঠে তার অধিকাঠামোকে ভিত্তি করে। অধিকাঠামো ও উপরিকাঠামোর মধ্যে সম্পর্কে রয়েছে দ্বান্দ্বিকতা এবং উপরিকাঠামো অধিকাঠামোকে ভিত্তি করে গড়ে উঠলেও, এ গড়ে উঠার প্রক্রিয়াটি যান্ত্রিক নয়। কোন একটি সমাজের অধিকাঠামোর (অর্থাৎ উৎপাদিকাশক্তি এবং তার উপর ভিত্তি করে গড়ে উঠা উৎপাদনী সম্পর্কের) উপর নির্ভর করে সে সমাজের উপরিকাঠামোটি কেমন হবে। বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষার্থী সমাজের ধারণকৃত আদর্শ, সংস্কৃতি ও আচরণের উৎস নিহিত সমাজের গড়ে উঠা অধি-

...ঔপনিবেশিক রাষ্ট্র কাঠামোয় গড়ে উঠা অতি বিকশিত হয়। এ পাঠ্যক্রম একজন শিক্ষার্থীকে সত্যিকার